

শেখ হাসিনার বিচার ও দ্রুত ভিসি নিয়োগের দাবি হাবিপ্রবি পরিবারের

দিনাজপুর
প্রতিনিধি

১৪ আগস্ট,
২০২৪ ১৬:৪৩

শেয়ার

অ +

অ -



শেখ হাসিনা ও তার দোসরদের বিচারের দাবিতে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (হাবিপ্রবি) অবস্থান কর্মসূচি। ছবি: কালের কণ্ঠ

স্বৈরাচার ও ফ্যাসিস্ট মুক্ত বিশ্ববিদ্যালয় গড়ার লক্ষ্যে এবং শেখ হাসিনা ও তার দোসরদের বিচারের দাবিতে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (হাবিপ্রবি) অবস্থান কর্মসূচি পালিত হয়েছে।

এর আগে সকাল ১১ টায় একটি র্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ করে প্রশাসনিক ভবনের সামনে এসে শেষ হয়।

র্যালিতে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থী অংশগ্রহণ করেন। ম্যানেজমেন্ট বিভাগের প্রফেসর মো. কুতুব উদ্দীনের সঞ্চালনায় কর্মসূচিতে বক্তব্য রাখেন আব্দুল হাকিম লেবু ও আব্দুল ওয়াদুদ, কর্মকর্তাগদের মধ্য থেকে ডেপুটি রেজিস্ট্রার মো. খাদেমুল ইসলাম ও ডেপুটি রেজিস্ট্রার মো. সাখাওয়াতুল কবীর চৌধুরী, শিক্ষকদের মধ্যে থেকে বক্তব্য দেন উদ্যানতত্ত্ব বিভাগের প্রফেসর ড. শরীফ মাহমুদ, ম্যানেজমেন্ট বিভাগের প্রফেসর ড. এম. জাহাঙ্গীর কবির, ফসল শারীরতত্ত্ব ও পরিবেশ বিভাগের প্রফেসর ড. মো. আবু হাসান, কীটতত্ত্ব বিভাগের প্রফেসর ড. হাসান ফুয়াদ এল তাজ এবং ফসল শারীরতত্ত্ব ও পরিবেশ বিভাগের প্রফেসর ড. মো. মনিরুজ্জামান বাহাদুর।

বক্তারা বলেন, শত শত শিক্ষার্থী-জনতার জীবনের বিনিময়ে দীর্ঘদিনের বৈষম্যের শিকল ভেঙ্গে আমরা আজকের এই স্বাধীনতা পেয়েছি। কিন্তু ফ্যাসিস্ট খুনি হাসিনার দোসর তথা ষড়যন্ত্রকারীরা এখনো থেমে নেই। তাই আমাদের বসে থাকলে চলবে না, শহীদদের রক্তের বিনিময়ে প্রাপ্ত এই স্বাধীনতা আমাদেরকেই রক্ষা করতে হবে।

তারা বলেন, যার হুকুমে অকালে এতো প্রাণ ঝরে গেল, সেই স্বৈরাচারী খুনি হাসিনা ও তার দোসরদের বিচার বাংলাদেশের মাটিতে করতে হবে।

এ বিশ্ববিদ্যালয়ে আমরা আর কোনো বৈষম্য চাই না এবং এই বিশ্ববিদ্যালয়ের যে সমস্ত ব্যক্তিবর্গ অন্যায় ও দুর্নীতিতে জড়িত ছিল তাদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাই। বর্তমানে অন্তবর্তীকালীন সরকারের প্রতি আমাদের পূর্ণ আস্থা আছে।

তারা আরো বলেন, হাবিপ্রবিতে বর্তমানে কোনো প্রশাসন নেই। তাই দ্রুত একজন দক্ষ ভিসি নিয়োগের জন্য আমরা সরকারের প্রতি অনুরোধ জানাই।

অবস্থান কর্মসূচি শেষে সাম্প্রতিক আন্দোলনে নিহত সকল শহীদ ও আহতদের জন্য দোয়া এবং মোনাজাত করা হয়।